



দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডিআর টাওয়ার (১৩ তলা)

৬৫/২/২ বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক

(বক্স কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০০।

ফোন : +৮৮-০২-৫৫১১২৮৫৭-৬০

ফ্যাক্স : +৮৮-০২-৫৫১১২৮৫৬

ই-মেইল : ibb.diploma@gmail.com

ওয়েব-সাইট : www.ibb.org.bd

ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষার্থীদের তালিকাভুক্তি নম্বর (Enrollment Number) সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সকল পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সমস্ত পরীক্ষার্থী ইতিমধ্যে ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা দেয়ার জন্য আবেদন করেছেন অথবা অংশগ্রহণ করেছেন তারা পুরাতন পরীক্ষার্থী হিসাবে বিবেচিত হবেন। পুরাতন পরীক্ষার্থীদের তালিকাভুক্তি নম্বর ও তালিকাভুক্তি নম্বরের অধীনে পাশসহ সকল তথ্য আইবিবি ডাটাবেজে সংরক্ষিত আছে। উক্ত পরীক্ষার্থীদের মধ্যে যাদের কাছে তালিকাভুক্তি নম্বর সংরক্ষিত নেই/ভুলে গিয়েছেন/মনে নাই তাদের আইবিবি'র ইমেইল (ibb.diploma@gmail.com) এর মাধ্যমে পরীক্ষার্থীর নিজের নাম, পিতার নাম, ব্যাংকের নাম, শাখার নাম, মোবাইল নম্বর (ইংরেজীতে) তথ্য দিয়ে আবেদন করলে তাদের ইমেইল এর মাধ্যমে তালিকাভুক্তি নম্বর সরবরাহ করা হবে।

আইবিবি কর্তৃক পরিচালিত ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষায় একটি মাত্র তালিকাভুক্তি নম্বর(Enrollment Number) গ্রহণের নিয়ম আছে। একাধিক তালিকাভুক্তি নম্বর গ্রহণের সুযোগ নেই। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বেশ কিছু পরীক্ষার্থীর একটি তালিকাভুক্তি নম্বর থাকা সত্ত্বেও নতুন করে তালিকাভুক্তি নম্বর গ্রহণ করছেন এবং নতুন তালিকাভুক্তি নম্বরে পরীক্ষা দিচ্ছেন, যার ফলে পরীক্ষার ফলাফল প্রস্তুতে সমস্যা হচ্ছে বিধায় কোন অবস্থাতেই পুরাতন তালিকাভুক্ত পরীক্ষার্থীগণ নতুনভাবে আবেদন করতে পারবেন না।

পুরাতন তালিকাভুক্তি নম্বরধারীগণ আইবিবি ওয়েবসাইটে নিজের প্রোফাইলে প্রবেশের জন্য User ID এবং Password দিয়ে Sign In করতে হবে। সেক্ষেত্রে যাদের User ID এবং Password নাই তারা প্রথমে **Set Password (for old member)** এ ক্লিক করে Password Set করে নিতে হবে। Set Password (for old member) এ ক্লিক করে পরীক্ষার্থীর নিজের নাম, পিতার নাম (পূর্বের *এন্ট্রি ফরমে যেভাবে পরীক্ষার্থী দিয়েছিলেন সেইভাবে দিতে হবে। উল্লেখ্য যে, নিজের নাম ও পিতার নাম আইবিবি ডাটাবেজের সাথে না মিললে Set Password সম্ভব হবে না। সেক্ষেত্রে, প্রদত্ত নিজের ও পিতার নামে সংশয় থাকলে আইবিবিতে [Email \(ibb.diploma@gmail.com\)](mailto:ibb.diploma@gmail.com) এর মাধ্যমে জেনে নিবেন) মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, ই-মেইল এ্যাড্রেস দিয়ে আপনার পছন্দমত পাসওয়ার্ড সেট করে Confirm Password করে Set Password বাটনে ক্লিক করলে আপনার জন্য ১ টি User ID ও Password তৈরী হবে। সেটকৃত User ID এবং Password আপনার মোবাইলে ও ইমেইলে ম্যাসেজ আকারে যাবে। Password সেট হলে Sign in এ Click করে User ID এবং Password দিয়ে Login করতে হবে। এছাড়া যাদের কাছে User ID এবং Password সংরক্ষিত নেই/ভুলে গিয়েছেন তারা **Forgot password** এ Click করে প্রয়োজনীয় তথ্য দিলে User ID এবং Password মোবাইল ও ইমেইল এ ম্যাসেজ যাবে।*

(শেখ জাহাঙ্গীর হোসেন)

সচিব, আইবিবি

এবং পরিচালক, বাংলাদেশ ব্যাংক।